# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯৪

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

## আরবী

وَعَنْهَا قَالَتْ: تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا شَبِعْنَا مِنَ الأسودين

## বাংলা

৪১৯৪-[৩৬] উক্ত রাবী ['আয়িশাহ্ সিদ্দিকা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, এমন অবস্থায় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওফাত হয় যে, আমরা দু’ কালো বস্তু (খেজুর ও পানি)ও পেট পুরে খেতে পাইনি। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৩৮৩, মুসলিম (২৯৭৫)-৩০, মুসনাদে আহমাদ ২৫৮০১।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (تُوُفِّىَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا شَبِعْنَا مِنَ الْأَسْوَدَيْنِ) ‘‘রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যু পর্যন্ত আমরা তৃপ্তি সহকারে খেজুর ও পানি খাইনি।’’ অর্থাৎ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশাতে এটাই ছিল তার অবস্থা। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) স্বীয় জীবনের জন্য দারিদ্র্যতাকে প্রাধান্য দেয়ার কারণে এমনটি হয়েছে। তূরিবিশতী বলেনঃ ‘‘আসওয়াদ’’ তথা কালো হলো খেজুরের বর্ণ পানির বর্ণ নয় তথাপি أَسْوَدَيْنِ বলা হয়েছে। আর ‘আরবগণ এমনটি করে থাকেন যেমন তারা والدان বলে পিতা-মাতাকে বুঝায় অথচ পিতাকে বলে والد এবং মাতাকে বলা হয় والدة এখানে পিতাকে মাতার ওপর প্রাধান্য দিয়ে والدان বলা হয়েছে। অনুরূপ সূর্য এবং চন্দ্রকে বলা হয় قمرين অথচ সূর্যকে বলা হয় شمس আর চন্দ্রকে বলা হয় قمر এখানে قمر সূর্যের উপর প্রাধান্য দিয়ে বলা হয়েছে قمرين (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74917

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন